

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

[সম্পূরক শুদ্ধ]

প্রজ্ঞাপন

ঢাকা, ১৮ই আষাঢ়, ১৪০৫/ ২রা জুলাই, ১৯৯৮

এস,আর,ও, নং-১৪৫-আইন/৯৮/১৯১-মূসক ১-মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নবর্ণিত টেবিলের কলাম (১) এ উল্লিখিত Customs Act, 1969 (IV of 1969) এর FIRST SCHEDULE এ বর্ণিত শিরনামা সংখ্যাসমূহ (Heading Nos) এর বিপরীতে কলাম (২) এ প্রদর্শিত সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোডসমূহ (H.S. Codes) এর অধীন কলাম (৩) এ বর্ণিত পণ্যসমূহকে উহাদের উপর আরোপনীয় সম্পূরক শুদ্ধ যে পরিমাণ উহাদের বিপরীতে উক্ত টেবিলের কলাম (৪) এ উল্লিখিত হারের অতিরিক্ত হয় সেই পরিমাণ সম্পূরক শুদ্ধ হইতে অব্যাহতি প্রদান করিল, যথাঃ—

টেবিল

শিরনামা সংখ্যা (Heading No.)	সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code)	পণ্য সামগ্রীর বিবরণ	সম্পূরক শুদ্ধ হার (%)
(১)	(২)	(৩)	(৪)

৮৪.১৫

শীতাতপ নিয়ন্ত্রণকারী যন্ত্র, মটরচালিত পাখায়ুক্ত এবং উষ্ণতা ও আর্দ্রতা পরিবর্তন এর সুবিধা সম্বলিত, আর্দ্রতা পৃথকভাবে নিয়ন্ত্রণ করা যায় না এইরূপ বৈশিষ্ট্য সম্বলিত যন্ত্রসহ জানালা বা দেয়ালে সংযুক্ত এমন স্বয়ংসম্পূর্ণঃ

৮৪১৫.১০.২০

পরিচালনার জন্য প্রয়োজনীয় ৩ বি এইচ পি এর উর্ধ্বে নহে, সি কে ডি ব্যতীত অন্যান্য

২৫

৮৪১৫.১০.৯০

অন্যান্য, (সি কে ডি ও সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড ৮৪১৫.১০.২০ এর অধীন যন্ত্র ব্যতীত)

২৫

অন্যান্য, রেফ্রিজারেটিং ইউনিট এবং উষ্ণতা বা শীতলতার আবর্তন (cycle)

বিপরীতমুখী করার ভাষ্ সংযুক্তঃ

৮৪১৫.৮১.২০	পরিচালনার জন্য প্রয়োজনীয় ৩ বি এইচ পি এর উর্ধ্বে নহে, সি কে ডি ব্যতীত অন্যান্য	২৫
৮৪১৫.৮১.৯০	অন্যান্য, (সি কে ডি ও সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড ৮৪১৫.৮১.২০ এর অধীন যন্ত্র ব্যতীত)	২৫
	অন্যান্য, রেফ্রিজারেটিং ইউনিট সংযুক্ত :	
৮৪১৫.৮২.২০	পরিচালনার জন্য প্রয়োজনীয় ৩ বি এইচ পি এর উর্ধ্বে নহে, সি কে ডি ব্যতীত অন্যান্য	২৫
৮৪১৫.৮২.৯০	অন্যান্য, (সি কে ডি ও সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড ৮৪১৫.৮২.২০ এর অধীন যন্ত্র ব্যতীত)	২৫
	অন্যান্য, রেফ্রিজারেটিং ইউনিট সংযুক্ত নহে :	
৮৪১৫.৮৩.২০	পরিচালনার জন্য প্রয়োজনীয় ৩ বি এইচ পি এর উর্ধ্বে নহে, সি কে ডি ব্যতীত অন্যান্য	২৫
৮৪১৫.৮৩.৯০	অন্যান্য, (সি কে ডি ও সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড ৮৪১৫.৮৩.২০ এর অধীন যন্ত্র ব্যতীত)	২৫
৮৭.০৩	সংশ্লিষ্ট এইচ এস কোড	
	সিলিন্ডার ক্যাপাসিটি ১৩০০ সিসি এর উর্ধ্বে কিন্তু ১৬০০ সিসি এর উর্ধ্বে নহে	৬০
	সংশ্লিষ্ট এইচ এস কোড	
	সিলিন্ডার ক্যাপাসিটি ১৬০০ সিসি এর উর্ধ্বে কিন্তু ১৮০০ সিসি এর উর্ধ্বে নহে	৮০

২। এই প্রজ্ঞাপন ২৮শে জ্যৈষ্ঠ, ১৪০৫ মোতাবেক ১১ই জুন, ১৯৯৮ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

[মোঃ মাহবুবুর রহমান]

অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)